



“শেখ হাসিনার বারতা
নারী-পুরুষ সমতা”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
প্রশাসন-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mowca.gov.bd



বিষয়ঃ সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) পরিবীক্ষণ কমিটির ১১/৫/২০২২ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

সভাপতি : মুহাম্মদ রেজাউল কবীর
যুগ্মসচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
সভার তারিখ ও সময় : ১১ মে, ২০২২, বিকাল ৩.০০ ঘটিকা।
স্থান : কক্ষ নং-৩১৭, ভবন-৬, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
উপস্থিতি : পরিশিষ্ট-ক।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করার জন্য অনুরোধ করেন। কমিটির সদস্য সচিব উপসচিব (প্রশাসন-২) সভাকে অবহিত করেন যে, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) পরিবীক্ষণ করার জন্য যুগ্মসচিব (প্রশাসন)কে আহ্বায়ক করে ০৩/১০/২০২১ তারিখে কমিটি পুনর্গঠন করা হয়েছে। পুনর্গঠিত কমিটির আজ ৩য় সভা। সভায় মন্ত্রণালয়সহ দপ্তর/সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত সেবাবক্স পরিবীক্ষণ করা হয়। মন্ত্রণালয়ের সিটিজেনস চার্টার সেবাবক্স হালনাগাদ রয়েছে। দপ্তর/সংস্থার সিটিজেনস চার্টার হালনাগাদ নেই। মন্ত্রণালয়ের অনিক দপ্তর/সংস্থার আপীল কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন করেন। বদলীজনিত কারণে মন্ত্রণালয়ের অনিক পরিবর্তন হলেও দপ্তর/সংস্থা তাদের সিটিজেনস চার্টারে আপীল কর্মকর্তার নাম, পদবি ও মোবাইল নম্বর পরিবর্তন করেনি। সিটিজেনস চার্টার হালনাগাদে মন্ত্রিপরিষদ বিভাগের ফরমেট অনুসরণ করতে হবে।

০২। সভায় বিস্তারিত আলোচনার পর সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

- (ক) আলোচনা মোতাবেক দপ্তর/সংস্থার সিটিজেনস চার্টার হালনাগাদ করে দ্রুত ওয়েবসাইটে আপলোড করতে হবে; এবং
(খ) সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) হালনাগাদে মন্ত্রিপরিষদ বিভাগের ফরমেট অনুসরণ করতে হবে।

০৩। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


মুহাম্মদ রেজাউল কবীর
যুগ্মসচিব (প্রশাসন)